

ঘরের রঙ বাছতে যে ভুলগুলো হয়ে থাকে



ঘরের রঙ ঘন ঘন করা যায় না। এটি যথেষ্ট ঝামেলার কাজ, আবার খরচেরও ব্যাপার আছে। তারপরও ঘরে রঙ করানোর সময় আমরা কিছু ভুল করি। একটু দেখে নিন সেই ভুলগুলো কী এবং তা এড়াতে চেষ্টা করুন।

- রঙের একটু আঁচড় দেখে কোনো রঙ পছন্দ করা ঠিক নয়। ঘরের দেয়ালে বেশ খানিকটা অংশে রঙ করে তারপর বিবেচনা করুন।
- দিনের বিভিন্ন সময় এবং রাতে আলোর পরিবর্তন ঘটে, যা দেয়ালের রঙের চেহারাও বদলে দেয়। তাই কোনো রঙ পছন্দ করার সময় বিষয়টি মাথায় রাখুন। দোকানিদের কথায় নির্ভর করবেন না। সবচেয়ে ভালো হয় যদি রঙটির স্যাম্পল একটি বড় বোর্ড বা কাগজে লাগিয়ে সেটা ঘরের দেয়ালে কয়েকদিন রেখে দেয়া যায়। এতে আলোর পরিবর্তনে রঙটি আপনার ঘরে কেমন দেখাবে তা বুঝতে পারবেন।
- রঙ করার আগে ঘরের আসবাবপত্রের দিকে তাকান। সোফা এবং অন্যান্য আসবাবের সঙ্গে খাপ খায় এমন রঙ পছন্দ করুন। নয়তো রঙ করার পর পুরো ঘরের চেহারা বেমানান হয়ে যাবে।
- ঘরের জন্য বেশি উজ্জ্বল এবং গাঢ় শেডের রঙ ব্যবহার না করাই ভালো।
- অনেক সময় দোকানে রঙের যে শেড দেখবেন সেটা দেয়ালে সে রকম না দেখিয়ে হালকা দেখাবে। বিষয়টি মাথায় রাখা উচিত।



দীর্ঘস্থায়ী মেকআপ পেতে

মেকআপ করার পর তা দীর্ঘক্ষণ অটুট রাখতে নিচের পরামর্শগুলো অনুসরণ করুন।

- মেকআপের আগে মুখের ত্বককে ময়েস্চারাইজ করুন। কারণ তখন ত্বকে শুষ্ক ত্বকের চেয়ে মেকআপ ভালো বসে।
- ময়েস্চারাইজারের সঙ্গে একটু মিশিয়ে নিন আপনার পছন্দের ফাউন্ডেশন। কারণ ময়েস্চারাইজার ফাউন্ডেশন ধরে রাখার জন্য আদর্শ।
- অবশ্যই মাশকারা ব্যবহার করুন। এটা চেহারা বিশেষত্ব এনে দেয়।
- গালে ক্রিমের কালার ব্যবহার করতে পারেন। এতে গালের ত্বক অনেক প্রাণবন্ত দেখাবে।
- ড্র়র অসঙ্গতি ঢাকতে পেন্সিল চালাতে ভুলবেন না।

হাঁটা বা দৌড়ানোর জুতা কিনতে যা মনে রাখবেন

সুস্বাস্থ্যের জন্য আমাদের সবারই নিয়মিত হাঁটা বা দৌড়ানো উচিত। আর এজন্য দরকার এক জোড়া উপযুক্ত জুতা। হাঁটার জন্য জুতা কিনতে কিছু বিষয় মাথায় রাখা উচিত। রকেট সায়েন্স না হলেও বিষয়গুলো জানা থাকা দরকারি।

- পছন্দের জুতা পায়ে দিয়ে দোকানে হেঁটে দেখুন সেটা আপনার পায়ে ঠিকমতো লাগছে কিনা। যে জুতাটি পরে সবচেয়ে স্বাচ্ছন্দ্য বোধ করবেন সেটিই কিনবেন। অনেকের ধারণা জুতা একটু আঁটোসাঁটো হলেও পরে প্রসারিত হবে। এটা মোটেও ঠিক নয়। কারণ অনেক জুতাই প্রসারিত হয় না।
- পছন্দের ডিজাইনের কারণে পায়ের জন্য স্বাচ্ছন্দ্যময় নয় এমন জুতা কিনবেন না।
- নতুন জুতা কিনতে গিয়ে আগে কী ধরনের জুতা আপনার জন্য উপযুক্ত ছিল সেটা বিবেচনায় রাখবেন।
- নিজের পায়ের আকার সম্পর্কে ধারণা রাখবেন।
- কোনো নির্দিষ্ট ব্র্যান্ড যদি আপনার জন্য সুবিধাজনক হয়, তাহলে সেটাই ব্যবহার করার চেষ্টা করুন।
- দরকার না হলে ঘন ঘন জুতা পরিবর্তন করবেন না।

